শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২২. ৪৭৭৮

তারিখঃ ১৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ।
০২ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

## ''আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি''

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শুণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের লক্ষ্যে পল্লী বিদ্যুৎ সমিতি সমূহে কর্মরত পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারীগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

### পদের নাম "বিলিং সুপারভাইজার''

**প্রার্থীর যোগ্যতাঃ**

(ক) পবিসে বিলিং সহকারী (নিয়মিত) হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) বিলিং, কম্পিউটার, সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অবশ্যই সক্ষম হতে হবে।

(গ) প্রতি মিনিটে বাংলায় ১০ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশসহ স্বহস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের ফটোকপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ সংক্রান্ত পত্রের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি যা জেনারেল ম্যানেজার/এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হতে হবে। বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের শাস্তির বিবরণ যদি থাকে অথবা যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। উল্লিখিত কাগজপত্রসহ আগামী ০৯/১১/২০২২ইং তারিখ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় সাক্ষাতকারে অংশগ্রহণের জন্য দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এ স্ব শরীরে উপস্থিত থাকতে হবে।

০২। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকা অর্থাৎ ফুলবাড়ী, বিরামপুর, পার্বতীপুর, হাকিমপুর, নবাবগঞ্জ ও ঘোড়াঘাট উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৩। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৪। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কাল কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রম অতিবাহিত সময়ে পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গন্য হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণ করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা যেতে পারে।

০৬। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ বেতন প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৭। তথ্য গোপন পূর্বক কোন প্রার্থী আবেদন করে নিয়োগ প্রাপ্ত হলেও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তাৎক্ষণিক চাকুরীচ্যুত করা হবে।

০৮। নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি-এ/ডি-এ প্রদান করা হবে না।

০৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২।১১।২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...........পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।
০৫। ডিজিএম,কারিগরি সদর দপ্তর/পার্বতীপুর/নবাবগঞ্জ/ঘোড়াঘাট জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম),হিলি/আমবাড়ী সাব-জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
০৭। এজিএম (ওএন্ডএম/ ইএন্ডসি/এমএস/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/প্রশাসন/মানবসম্পদ/আইটি), দিনাজপুর পবিস-২।
০৮। অফিস কপি/ মাস্টার কপি/নোটিশ বোর্ড।

২।১১।২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।